

ফতওয়া নং ৪৪২

প্রশ্ন

পাগড়ি পড়ে নামায পড়লে বা পড়লে সাওয়াব বেশি পাওয়া যাবে. ?

উত্তর:

পাগড়ি পরা সাওয়াবের কাজ। পাগড়ি পরে নামায পড়া মুস্তাহাব। দূর্বল সূত্রে বর্ণিত একটি হাদীসে আছে যে, “বিনা পাগড়িতে আদায় কৃত নামাযের তুলনায় পাগড়ি পরে আদায়কৃত নামাযের সাওয়াব পচিশ গুণ বেশি।” কিন্তু বিনা পাগড়িতে নামায পড়াও জাইয; মাকরুহ নয়। তবে যেখানে পাগড়ির প্রচলন এত বেশি যে, পাগড়ি ছাড়া সমাবেশে যাওয়ার নিয়ম নেই সেখানে বিনা পাগড়িতে নামায পড়া মাকরুহ। (ফাতাওয়া মাহমুদিয়া ৬/৪২)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নু'মানিয়া।
০৩ সফর, ১৪৪৬ হিজরী (09/08/2024)